# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 14 April, 2025

গাজাবাসীর প্রতি সমর্থন এবং অবরুদ্ধ গাজায় ইসরায়েলি হামলার প্রতিবাদে পাকিস্তানের রাস্তায় নেমেছেন লাখো জনতা। সোমবার (১৪ এপ্রিল) এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে পাকিস্তানের সংবাদ মাধ্যম ডন।

রোববার (১৩ এপ্রিল) করাচির রাস্তায় ফিলিস্তিনের পতাকার পাশাপাশি হামাস নেতাদের ছবি নিয়ে রাস্তায় নেমে ইসরায়েলি আগ্রাসনের নিন্দা জানান তারা।আয়োজকরা জানিয়েছেন, এদিনের বিক্ষোভে লক্ষাধিক মানুষ অংশ নিয়েছেন।

এই বিক্ষোভে হাজার হাজার নারী, অনেকে বোরকা পরা অবস্থায় এবং অনেকেই তাদের শিশু সন্তান নিয়ে অংশ নিয়েছেন।শুধু মুসলমান নয়, খ্রিষ্টান ও হিন্দু সম্প্রদায়ের সদস্যরাও এই সমাবেশে যোগ দিয়েছেন। “গাজা সংহতি মার্চ” শিরোনামে আয়োজিত এই বিশাল বিক্ষোভে করাচির প্রধান শাহরা-এ-ফয়সাল সড়ক মানুষে ভরে যায়।

এদিকে ফিলিস্তিনিদের সংহতি জানিয়ে বিক্ষোভ হয়েছে তুরস্কেও।দেশটির রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আনাদোলু এজেন্সি জানিয়েছে, ফিলিস্তিনের অবরুদ্ধ গাজায় ইসরায়েলি হামলার প্রতিবাদে রোববার (১৩ এপ্রিল) ইস্তাম্বুলের বেয়াজিত স্কয়ারে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।এতে দেশটির বিভিন্ন প্রদেশের হাজারো মানুষ অংশগ্রহণ করেন।

তুরস্কের বেসরকারি সংস্থা আইএইচএইচ হিউম্যানিটারিয়ান রিলিফ ফাউন্ডেশন গাজায় ইসরায়েলের চলমান আগ্রাসনের প্রতিবাদের জন্য বেশ কয়েকদিন আগে এই বিক্ষোভের ডাক দেয়। রোববার স্থানীয় সময় দুপুর ২টায় বিক্ষোভ মিছিল শুরু হয়। অংশগ্রহণকারীরা তুরস্ক এবং ফিলিস্তিনি পতাকা নেড়ে ‘খুনি ইসরায়েল, ফিলিস্তিন থেকে বেরিয়ে যাও’ স্লোগান দিয়ে ইয়েনিসেরির রাস্তা ধরে মিছিল করে।

পাশাপাশি আঙ্কারা প্যালেস্টাইন সলিডারিটি প্ল্যাটফর্মের (এএনএফআইডিএপি) সদস্যরা আঙ্কারায় মার্কিন দূতাবাসের সামনে বিক্ষোভ করেছে।

এর আগে ফিলিস্তিনের গাজাবাসীর প্রতি সমর্থন ও দখলদার ইসরায়েলের আগ্রাসনের নিন্দা জানাতে গত শনিবার (১২ এপ্রিল) মার্চ ফর গাজা নামে র‍্যালি ও বিক্ষোভ সমাবেশ করেছেন বাংলাদেশের লাখ লাখ মানুষ। এরপরই ফিলিস্তিনিদের সাথে সংহতি প্রকাশে রাস্তায় নেমেছেন পাকিস্তান ও তুরস্কের লাখো জনতা।

গাজাবাসী ইসরায়েল আগ্রাসন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:44